গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
আইসিটি সেল
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
**www.legislativediv.gov.bd**

## লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: ইসরাইল হোসেন<br>অতিরিক্ত সচিব (ড্রাফটিং-২) ও চিফ ইনোভেশন অফিসার<br>লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ<br>আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়। |
| স্থান | : | কক্ষ নং-৭১৪, ভবন নং- ৪, বাংলাদেশ সচিবালয়। |
| তারিখ | : | ২৭/০৬/২০১৬খ্রিঃ। |
| সময় | : | সকাল ১০.৩০ঘটিকা। |

সভায় উপস্থিত সকল কর্মকর্তাদের উপস্থিতি তালিকা (সংলাগ-ক) সংযুক্ত।

সভার শুরুতে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের অতিরিক্ত সচিব (ড্রাফটিং-২) ও চিফ ইনোভেশন অফিসার মহোদয় সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সভাপতি মহোদয় এ বিভাগের সিস্টেম এনালিস্ট, জনাব মোহাম্মদ জিয়া উদ্দীন-কে সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের অনুরোধ করেন। জনাব মোহাম্মদ জিয়া উদ্দীন গত সভার রেজুলেশন সভায় উপস্থাপন করেন। সভার শুরুতে বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। সভাপতি বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নে ধীরগতির বিষয়ে উল্লেখ করে সকলকে সিদ্ধান্ত বাস্তবায়নে তৎপর হওয়ার বিষয়ে গুরুত্বারোপ করেন। অতপর সভায় নিম্নলিখিত বিষয়াদি বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়, যথা:-

| ক্রমিক নং | আলোচনার বিষয়বস্তু | আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১। | নিজ অফিসের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশন | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সেবা গ্রহীতার সংখ্যা বিবেচনায় নিয়ে ৩ টি গুরুত্বপূর্ণ সেবা সহজীকরণ এবং তা বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। গত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রশাসন-১ গুরুত্ব বিবেচনায় একটি সেবা এবং প্রশাসন-৩ গুরুত্ব বিবেচনায় তিনটি সেবা আইসিটি সেলে প্রেরণ করে।<br><br>**সিদ্ধান্ত:** যেহেতু প্রশাসন-৩ বাদে আর কোন শাখাই তিন (৩) টি সেবা আইসিটি সেলে প্রেরণ করেন নাই তাই এ সংক্রান্ত বিষয়ে সভাপতি মহোদয় প্রশাসন ১, ২ ও বাজেট শাখার উপর অসন্তোস প্রকাশসহ উক্ত শাখাকে তিনটি করে সেবা আইসিটি সেলে প্রেরণের জন্য নির্দেশ প্রদান | প্রশাসন-১, ২, ৩ ও বাজেট শাখা। |

| ক্রমিক নং | আলোচনার বিষয়বস্তু | আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | করেন। | |
| ২। | ই-সেবা ও ই-ফাইলিং কার্যক্রম | স্বল্প সময়ে বিনা ভোগান্তিতে জনগণের দোরগোড়ায় সরকারি সেবা পৌঁছে দেবার নিমিত্ত এবং ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে এ বিভাগের স্বল্প পরিসরে ই-ফাইলিং কার্যক্রম শুরু করা হয়েছে। এরই ধারাবাহিকতায় এ বিভাগের প্রশাসন-১ শাখা এবং আইসিটি সেল প্রাথমিকভাবে ই-ফাইলিং কার্যক্রম শুরু করেছে। এছাড়া প্রশাসন-১, ২, ৩ ও বাজেট শাখা এবং আইসিটি সেল পর্যায়ক্রমে তাঁদের ফাইলগুলো ই-ফাইলিং এ নিষ্পত্তি করবে মর্মে সভায় আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত:** এ বিভাগের প্রশাসন-১ শাখা চলমান ই-ফাইলিং কার্যক্রমের পাশাপাশি নতুনভাবে আরও একটি নথি ই-সেবার অন্তর্ভুক্ত করবে। বর্তমান ভার্সনে পত্র জারীর ব্যবস্থা না থাকায় প্রশাসন-২ শাখা এবং বাজেট শাখা এটুআই কর্তৃক বাস্তবায়িত/পরিচালিত জাতীয় ই-সেবা সিস্টেমের নতুন ভার্সন এ পত্র জারীর ব্যবস্থা অর্ন্তভুক্ত হলে ই-ফাইলিং কার্যক্রম শুরু করবে। প্রশাসন-৩ শাখা তাদের পূর্বে প্রেরিত তিনটি সেবা থেকে ১ টি নথি ই-ফাইলিং পদ্ধতিতে নিষ্পত্তি করবে। আইসিটি সেল এই বিষয়ে সার্বিক সহযোগিতা করবে। | প্রশাসন-১, ২, ৩ ও বাজেট শাখা এবং আইসিটি সেল |
| ৩। | আইডিয়া ম্যানেজমেন্ট ও স্কেলআপ | এ বিভাগের সেবাসমূহ অধিকতর জনবান্ধব করার লক্ষ্যে সকল পর্যায়ের কর্মকর্তাদের নিকট হতে উদ্ভাবনী ধারণা নিয়মিত প্রাপ্তির উদ্দেশ্যে টেন্ডার বক্সের অনুরূপ একটি ইনোভেশন বক্স চালু করা এবং প্রতিমাসের ইনোভেশন টিমের সভায় আইডিয়া বক্সে প্রাপ্ত আইডিয়াসমূহ যাচাই বাছাই করে প্রতিমাসে বাছাইকৃত আইডিয়াসমূহ বাস্তবায়ন করার প্রয়োজনীয় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন করা (স্কেলআপ) বিষয়ে আলোচনা হয়। এ বিভাগের কর্মকর্তাদের নিকট হতে ইনোভেশন আইডিয়া প্রাপ্তি বিষয়েও আলোচনা হয়। ইতিমধ্যে প্রশাসন-২ শাখা এ বিভাগের সকল কর্মকর্তার নিকট ইনোভেশন আইডিয়া চেয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>**সিদ্ধান্ত:** পূর্ববর্তী সভার (মে,২০১৬)সিদ্ধান্ত মোতাবেক প্রশাসন-১ শাখা আইডিয়া বক্স স্থাপন না করায় অতিসত্ত্বর আইডিয়া বক্সটি স্থাপন করার জন্য তাগিদ দেয়া হয় এবং প্রশাসন-২ শাখা কর্তৃক পত্র প্রেরণের পরও কোন ইনোভেশন আইডিয়া পাওয়া না যাওয়ায় এ বিভাগের | প্রশাসন-১,২ শাখা |

| ক্রমিক নং | আলোচনার বিষয়বস্তু | আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | সকল কর্মকর্তাদের নির্দিষ্ট সময়ে ইনোভেশন আইডিয়া প্রদানের জন্য প্রশাসন-২ শাখা কর্তৃক পুনরায় পত্র প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হয় এবং প্রাপ্ত আইডিয়া গুলো বাছাইপূর্বক সর্বোত্তম আইডিয়া প্রদানকারী কর্মকর্তাকে পুরস্কৃত করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৪। | সংযুক্ত সংস্থাসমূহের ইনোভেশন কার্যক্রম তদারকি | এ বিভাগের সহিত সংযুক্ত সংস্থা আইন কমিশন ও মানবাধিকার কমিশনের ইনোভেশন টিমসমূহ সক্রিয় ও প্রতিমাসের ইনোভেশন টিমসমূহের সভা নিশ্চিত করা এবং ইনোভেশন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে উহা পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় পরামর্শ প্রদান করার বিষয়ে সভায় আলোচনা হয়। ইতিমধ্যে প্রশাসন -২ শাখা হতে এ বিভাগের সংযুক্ত আইন কমিশন ও মানবাধিকার কমিশনকে ২০১৬ সালের বাৎসরিক কর্মপরিকল্পনার খসড়া এ বিভাগকে অবহিত করার জন্য পত্র প্রেরণ করা হয়েছে। আইনকমিশন ও মানবাধিকার কমিশনে পুনরায় তাগিদ পত্র দেওয়ার ব্যাপারে আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত:** এ বিভাগের সহিত সংযুক্ত সংস্থা আইন কমিশন ও মানবাধিকার কমিশনের ইনোভেশন টিম সক্রিয় ও প্রতিমাসের ইনোভেশন টিমসমূহের সভা নিশ্চিত করা এবং ইনোভেশন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন, ইনোভেশন সংক্রান্ত তাঁর দপ্তরের সর্বশেষ তথ্য ইত্যাদি এ বিভাগকে অবহিত করার বিষয়ে প্রশাসন-২ শাখা ১৫ দিন অন্তর পরপর ৩(তিন) টি তাগিদপত্র প্রদান করবে। তাগিদপত্র প্রদানের পরেও ইনোভেশন সংক্রান্ত তথ্য এ বিভাগকে অবহিত না করলে বিষয়টি সচিব মহোদয়ের বিশেষ গোচরে আনা যেতে পারে। | প্রশাসন-২ |
| ৫। | পার্টারশিপ ও নেটওয়ার্কিং | সেবা পদ্ধতি সহজীকরণ, ই-ফাইলিং, ইনোভেশন ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য এটুআই ও সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান/অংশীজন চিহ্নিত করে তাদের সঙ্গে যোগাযোগ করা করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিভাগের সহকারী প্রোগ্রামার জানান যে, প্রশিক্ষণ প্রদানের জন্য এটুআইসহ সংশ্লিষ্টদের সঙ্গে যোগাযোগ করা হয়েছে, ই-ফাইলিং এর নতুন ভার্সন এর প্রশিক্ষণ চলছে, সিডিউল মোতাবেক বিভিন্ন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। পর্যায়ক্রমে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হবে। | সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল |

| ক্রমিক নং | আলোচনার বিষয়বস্তু | আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত:** ই-ফাইলিং বিষয়ে এটুআই কর্তৃক প্রশিক্ষণ প্রদান সাপেক্ষে পরবর্তীতে এ বিভাগের কর্মকর্তাদের প্রশিক্ষণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৬। | সোস্যাল মিডিয়ার ব্যবহার | এ বিভাগের সেবায় উদ্ভাবন প্রক্রিয়ার বিষয়ে মতামত গ্রহণের জন্য ই-মেইল ব্যবহারের পাশাপাশি অন্যান্য সামাজিক মাধ্যম (Facebook) ব্যবহার নিশ্চিত করা বিষয়ে সভায় আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত:** এ বিষয়ে অন্যান্য সরকারী প্রতিষ্ঠানের সাথে মিল রেখে Facebook Page নাম, Account নাম ও Admin কে হবে তা নির্ধারণপূর্বক সুনির্দিষ্ট প্রস্তাব পরবর্তী সভায় পেশ করবে। | সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল |
| ৭। | অধ্যাদেশসমূহ সংরক্ষণের জন্য আর্কাইভ করা | মহামান্য রাষ্ট্রপতিকর্তৃক স্বাক্ষরিত অধ্যাদেশসমূহ সংরক্ষণের জন্য আর্কাইভ করার বিষয়ে সভায় আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত:** ২০১৬-২০১৭ অর্থবছর হতে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক স্বাক্ষরিত সকল অধ্যাদেশসমূহ হার্ডকপি ও সফটকপি আকারে সংরক্ষণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এক্ষেত্রে অত্র বিভাগের মূদ্রন শাখার সহকারী সচিব (মুদ্রণ ও প্রকাশনা) জনাব মোহাম্মদ দেলোয়ার হোসেন ও সিস্টেম এনালিস্ট জনাব মোহাম্মদ জিয়া উদ্দিন কর্তৃক এ সংক্রান্ত বিষয়ে সকল সীমাবদ্ধতা সহ (যদি থাকে) একটি পূর্ণাঙ্গ প্রস্তাবনা পরবর্তি সভায় উপস্থাপন করবে। | মোহাম্মদ জিয়া উদ্দীন, আইসিটি সেল ও মোহাম্মদ দেলোয়ার হোসেন, সহকারী সচিব (মুদ্রণ ও প্রকাশনা) |
| ৮। | সরকারি ক্রয় সংক্রান্ত সকল দরপত্র ইজিপি'তে অন্তর্ভুক্তকরণ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সকল দরপত্র ইজিপি'তে অর্ন্তভুক্ত করার বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে সিনিয়র সহকারি সচিব জনাব মোহাম্মদ আবদুল হালিম জানান যে, সরকারি সকল ক্রয় সংক্রান্ত দরপত্র ইজিপি'তে অন্তর্ভুক্তকরা এবং দক্ষ ও কর্মোপযোগী করার নিমিত্ত প্রশিক্ষণের জন্য Central Procurement Technical Unit (CPTU) এ যোগাযোগ করা হয়েছে।<br><br>**সিদ্ধান্ত:** Central Procurement Technical Unit (CPTU) রেজিস্ট্রেশন এবং এতদ্‌সংক্রান্ত নির্দিষ্ট কর্মকর্তা নির্ধারণ পূর্বক প্রশিক্ষণ গ্রহণ বিষয়ে প্রশাসন-২ শাখা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন-২ |

| ক্রমিক নং | আলোচনার বিষয়বস্তু | আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৯। | বিবিধ | এ বিভাগের সিস্টেম এনালিস্ট জনাব মোহাম্মদ জিয়া উদ্দীন পরিবহন পুল ভবনে অবস্থিত এ বিভাগের কর্মকর্তাদের ব্যবহৃত বিদ্যমান লোকাল এরিয়া নেটওয়ার্ক সম্প্রসারণ ও BTCL এর ইন্টারনেট সংযোগ গ্রহনের বিষয়ে আলোচনা করেন।<br><br>**সিদ্ধান্ত:** পরিবহন পুল ভবনে এ বিভাগের কর্মকর্তাদের ব্যবহৃত কম্পিউটারে ইন্টারনেট সংযোগ আগামী সেপ্টেম্বর/১৬ পর্যন্ত Intech Online Ltd নামক বেসরকারী আইএসপি প্রতিষ্ঠানের সাথে নবায়ন করা হয়েছে। মেয়াদ শেষে অর্থাৎ অক্টোবর/১৬ থেকে সরকারি সংস্থা বিটিসিএল থেকে ইন্টানেট সংযোগ গ্রহন ও বিদ্যমান লোকাল এরিয়া নেটওয়ার্ক সম্প্রসারণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করেন। | প্রশাসন-১ শাখা, আইসিটি সেল |

৩০/১/১৬

মো: ইসরাইল হোসেন

সভাপতি

অতিরিক্ত সচিব (ড্রাফটিং-২) ও চিফ ইনোভেশন অফিসার

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ